

নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্র নং: ওয়াদা/নিবি/২৫৪/১৯

তারিখঃ ১৮/১১/২০১৯ খ্রিঃ

ওয়াদা সংস্থা নারীর ক্ষমতায়ন, অধিকার প্রতিষ্ঠা ও আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশের দক্ষিণ উপকূলীয় অঞ্চলে বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচী বাস্তবায়ন করে আসছে। দাতা সংস্থা মানুষের জন্য ফাউন্ডেশন (MJF) এর আর্থিক সহযোগিতায় বাস্তবায়িত **Youth for Building Peaceful Society** প্রকল্পে বাগেরহাট সদর উপজেলায় কাজ করার জন্য আগ্রহী প্রার্থীর নিকট থেকে আবেদনপত্র আহ্বান করছে।

ক্রঃ	পদের নাম	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	অন্যান্য দক্ষতা	বেতন ও ভাতা
০১	একাউন্স অফিসার	১জন	বানিজ্যে মাস্টার্স। সংশ্লিষ্ট ক্ষেত্রে সর্বনিম্ন ২ বছরের বাস্তব অভিজ্ঞতা।	প্রাতিষ্ঠানিক হিসাব ব্যবস্থাপনা	মাসিক ৯,০০০/- এবং অন্যান্য ভাতা
০২	প্রোজেক্ট ফ্যাসিলিটের (নারী)	১জন	যে কোন বিষয়ে সর্ব নিম্ন গ্রাজুয়েশন সংশ্লিষ্ট ক্ষেত্রে সর্বনিম্ন ২ বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।	কমিউনিটি মোটিভেশন, প্রশিক্ষণ প্রদান।	মাসিক ৭,০০০/- এবং অন্যান্য ভাতা

নিয়মাবলীঃ

- আগ্রহী প্রার্থীদের ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, বায়োডাটা, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের ফটোকপি ও প্রয়োজনীয় কাগজপত্র সত্যায়িত সহ বা ছাড়া আবেদন করতে হবে।
- পরিপূর্ণ আবেদন পত্র বরাবর, চেয়ারম্যান এন্ড সিইও, (ওয়াদা), ২ নং ক্রস রোড, দশানী, বাগেরহাট সদর, জেলাঃ বাগেরহাট। এই ঠিকানায় আগামী ২৫ নভেম্বর ২০১৯ ইং তারিখ ৫.০০ টার মধ্যে ডাক/ কুরিয়ার / সরাসরি অথবা infowada.bd@gmail.com এই ইমেইলে পাঠাতে হবে।
- ইমেইলে আবেদনের ক্ষেত্রে শুধুমাত্র আবেদনপত্র, ছবি ও বায়োডাটা পাঠাতে হবে। ওয়ার্ড ফাইলে পাঠাতে হবে। স্ক্যান কপি গ্রহণযোগ্য হবে না।
- আবেদন ফরম ও বায়োডাটা ফরম সংস্থার ওয়েবসাইট www.wadabd.org হতে ডাউনলোড করতে হবে।
- চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করতে হবে এবং চূড়ান্ত নির্বাচিত প্রার্থীদের যোগদানের জন্য অবশ্যই সর্বশেষ কর্মরত সংস্থার ছাড়পত্র দাখিল করতে হবে।
- আবেদনকারীর বয়স সর্বনিম্ন ২৩ বছর এবং সর্বোচ্চ ৪০ বছরের মধ্যে হতে হবে।
- চূড়ান্ত নির্বাচিত প্রার্থীদের দক্ষতা বৃদ্ধির জন্য সংস্থার পক্ষ থেকে বাগেরহাটের বাইরে অন্যান্য জেলায় ও ঢাকায় প্রশিক্ষণ / কর্মশালা / মিটিং ইত্যাদিতে অংশগ্রহণ করার মানসিকতা থাকতে হবে।
- বাছাইকৃত আবেদনকারীদের আগামী ২৬ নভেম্বর ২০১৯ ইং এর মধ্যে লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। লিখিত পরীক্ষায় ৬০, মৌখিক পরীক্ষায় ২০, ও আইসিটি দক্ষতা ২০, মোট ১০০ নম্বর থাকবে।
- ১০০% নিরপেক্ষভাবে প্রার্থী নির্বাচন করা হবে তাই যে কোন প্রকার সুপারিশ/ফোন আবেদনপত্র বাছাইয়ে অযোগ্য বলে বিবেচিত হবেন। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন আবেদনপত্র বাতিল করতে পারবেন।
- নারী প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।

চেয়ারম্যান এন্ড সিইও

ওয়াদা

ফোন:০৪৬৮ ৬৪৬৩৮